

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৪২৪

২/ রাসূলুল্লাহ الصلاة عن رسول الله الله عن رسول الله عن الله عن الله عن الله عن رسول الله عن ا

পরিচ্ছেদঃ ২০৩. যুহরের ফরয নামাযের পূর্বে চার রাকাআত সুন্নাত

باب مَا جَاءَ فِي الأَرْبَعِ قَبْلَ الظُّهْرِ

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بِنُ بَشَّارٍ، حَدَّتَنَا أَبُو عَامِرٍ الْعَقَدِيُّ، حَدَّتَنَا سُفْيَانُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ عَلِيّ، قَالَ كَانَ النّبِيُّ صلى الله عليه وسلم يُصلِّي قَبْلَ الظُّهْرِ عَاصِمِ بْنِ ضَمْرَةَ، عَنْ عَلِيّ، قَالَ كَانَ النّبِيُّ صلى الله عليه وسلم يُصلِّي قَبْلَ الظُّهْرِ أَرْبَعًا وَيَعْدَهَا رَكْعَتَيْنِ . قَالَ أَبُو بَكْرٍ الْعَطَّارُ قَالَ عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ عَلِيّ حَديثُ حَسَنٌ . قَالَ أَبُو بَكْرٍ الْعَطَّارُ قَالَ عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ سَفْيَانَ قَالَ كُنَّا نَعْرِفُ فَضْلُ حَديثِ عَاصِمِ بْنِ ضَمْرَةَ عَلَى حَديثِ الْحَارِث . وَالْعَمَلُ سَفْيَانَ قَالَ كُنَّا نَعْرِفُ فَضْلُ حَديثِ عاصِمِ بْنِ ضَمْرَةَ عَلَى حَديثِ الْحَارِث . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيّ صلى الله عليه وسلم وَمَنْ بَعْدَهُمْ عَلَى هَذَا عَنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النّبِيّ صلى الله عليه وسلم وَمَنْ بَعْدَهُمْ يَعْدَهُمْ يَعْدَاوُنَ أَنْ يُصَلِّي الرَّجُلُ قَبْلَ الظُّهْرِ أَرْبَعَ رَكَعَاتٍ . وَهُوَ قَوْلُ سُفْيَانَ التَّوْرِيِّ وَابْنِ الْمُبَارِكِ وَإِسْحَاقَ وَأَهْلِ الْكُوفَةِ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ صَلَاةُ اللَّيْلِ وَالنَّهَارِ مَثْنَى مَثْنَى مَثْنَى مَثْنَى مَثْنَى يَرُونَ الْفَصْلُ بَيْنَ كُلِّ رَكْعَتَيْنِ . وَبِهِ يَقُولُ الشَّافِعِيُّ وَأَحْمَدُ .

বাংলা

8২৪। আলী (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহরের (ফরয) নামাযের পূর্বে চার রাকাআত এবং পরে দুই রাকাআত (সুন্নাত নামায) আদায় করতেন। —সহীহ। ইবনু মাজাহ–(১১৬১)। ৪৩০ নং হাদীসে এর বাকী অংশ বর্ণিত হবে।

এ অনুচ্ছেদে আয়িশাহ ও উন্মু হাবীবা (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে। আবু ঈসা বলেন- আলী (রাঃ)-এর বর্ণিত হাদীসটি হাসান। রাস্লুল্লাহ সাল্লাল্লাহ 'আলাইহি ওয়াসাল্লামের বেশিরভাগ বিশেষজ্ঞ সাহাবা ও তাদের পরবর্তীগণ যুহরের পূর্বে চার রাকাআত সুন্নাত নামায আদায় করা পছন্দ করেছেন। সুফিয়ান সাওরী, ইবনুল মুবারাক, ইসহাক এবং কুফাবাসীগণ একই রকম কথা বলেছেন। একদল বিশেষজ্ঞ বলেছেন, রাত এবং দিনের (অন্যান্য) নামায দুই দুই রাকাআত। তারা দুই দুই রাকাআত পর সালাম ফিরানোর কথা বলেছেন। ইমাম শাফিঈ এবং আহমাদ একথা বলেছেন।



English

Ali narrated:

"The Prophet (S) would pray four Rak'ah before Az-Zuhr and two Rak'ah after it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন